



আইইউবি ক্যাম্পাসের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে রাষ্ট্রপতি

## শিক্ষার মাধ্যমে ছাত্রদের মাঝে নৈতিক মূল্যবোধ সৃষ্টি করতে হবে

রাষ্ট্রপতি অধ্যাপক এ. কিউ. এম বদরুদোজা চৌধুরী বলেছেন, শিক্ষাকে অবশ্যই ছাত্রদের মাঝে নৈতিক মূল্যবোধ ও সামাজিক বৈচিত্র্য ছড়িয়ে দেয়া, দারিদ্রতা ও দুর্নীতির প্রতি ঘৃণা এবং সত্য, ন্যায় বিচার ও শ্রমের মর্যাদার প্রতি

ভালবাসা সৃষ্টি করতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোকে অবশ্যই যোগ্য ব্যক্তি ভেরি করতে হবে। যারা তাদের সততা, কর্মদক্ষতা ও জ্ঞানের মাধ্যমে প্রতিযোগিতাপূর্ণ আধুনিক বিশ্বের রাষ্ট্রপতি : পৃঃ ২ কঃ ৭

রাষ্ট্রপতি : ভিত্তিপ্রস্তর

(১২ পৃষ্ঠার পর)

মুখোমুখি হতে পারে এবং গর্বের সঙ্গে তুলে ধরতে পারে নৈতিক মূল্যবোধ ও সাংস্কৃতিক ঐতিহ্য। বৃহস্পতিবার রাজধানীর বসুন্ধরায় ইন্ডিপেনডেন্ট বিশ্ববিদ্যালয়, বাংলাদেশের (আইইউবি) ক্যাম্পাসের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। বাসস।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক, আইইউবির ডিসি অধ্যাপক বজলুল এম চৌধুরী এবং শিক্ষা, বিজ্ঞান, প্রযুক্তি ও সংস্কৃতি উন্নয়ন ট্রাস্টের (ইএসটিসিডিটি) চেয়ারম্যান এ. কে. এম রফিকুল ইসলাম।

অধ্যাপক চৌধুরী বলেন, দারিদ্র্য বিমোচন ও জীবনযাত্রার মানোন্নয়নে বাংলাদেশের প্রতিনিয়ত পরিবর্তনশীল আধুনিক প্রযুক্তির সাহায্য নেয়া প্রয়োজন। একই সময়ে আমাদের উন্নত সামাজিক শৃঙ্খলা, নৈতিক মূল্যবোধ এবং নিজেদের ঐতিহ্য ও মূল্যবোধের প্রতি ভালবাসা থাকা প্রয়োজন।